

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



শিল্পকলার উজ্জীবনী শক্তি

প্রিয় নিউ ইয়র্কবাসী,

গত সপ্তাহে আমাদের কেন্দ্রীয় অফিসে বার্ষিক [আর্টস ইন স্কুল রিপোর্ট](#) (স্কুলে শিল্পকলা বিষয়ক প্রতিবেদন) প্রকাশনা অনুষ্ঠান উদযাপন করতে —এবং নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে শিল্পকলা শিক্ষায় একটি নতুন যুগের সূচনাকে চিহ্নিত করতে আমাদেরকে লাগোয়ার্ডিয়া কোয়ার্টার দলের উপস্থাপনার মাধ্যমে অভ্যর্থনা জানানো হয়েছিল।

শিল্পকলা প্রাণশক্তিকে উজ্জীবিত করে এবং ভিন্ন ভিন্ন সংস্কৃতির ধারণাভের ও উপভোগের সুযোগ বৃদ্ধি করে। সেগুলো নিয়মানুবর্তিতা, ধৈর্য, আত্মবিশ্বাস, এবং ঝুঁকি নেওয়ার সাহসের মতো মূল্যবান চারিত্রিক বৈশিষ্ট্যের বীজ বপন করে। গবেষণায় দেখা গেছে যে, যেসব শিক্ষার্থী স্কুলে শিল্পকলা নিয়ে পড়ালেখা করে, তারা রিডিং, রাইটিং এবং ম্যাথমেটিক্স-এ অধিকতর ভালো করে, তাদের উপস্থিতি উন্নত হয় ও প্রয়োজনীয় সামাজিক-আবেগজনিত দক্ষতা বৃদ্ধি পায়। এছাড়াও শিল্পকলা ছেলেমেয়েদের ভালভাবে ভাব বিনিময়ে, মানসিক বিপর্যস্ততা সামলাতে, এবং স্কুলে অগ্রগতি অর্জনে সহায়তা করে।

সে কারণেই আমি [এই প্রতিবেদনে](#) 1-12 গ্রেডগুলোতে আর্টস শিক্ষার সুযোগের উল্লেখযোগ্য বৃদ্ধি মহামারী-পূর্ব পর্যায়ে ফিরে যেতে দেখে উদ্দীপ্ত হয়েছি। অতিরিক্তভাবে, গত শিক্ষা বছরে 400-টি সাংস্কৃতিক প্রতিষ্ঠান আমাদের শিক্ষার্থীদেরকে আর্টস শিক্ষায় পাঠ্যনির্দেশনা প্রদান করেছে।

ছেলেমেয়েদের জীবন বদলে দেবার ক্ষমতাসম্পন্ন আমাদের নতুন উদ্যোগ শুরু করার পাশাপাশি আমাদের সফল আর্টস প্রোগ্রামকে আরো জোরদার করার ব্যাপারে আমি বদ্ধপরিকর। আমাদের নতুন [আর্টস হাব](#) হলো নাগরিক শিল্পকলা শিক্ষায় এক যুগান্তকারী প্রক্রিয়ার একটি উদাহরণ... এবং আমাদের স্কুলগুলোকে সিটির শিল্পকলা দৃশ্যপটের যাদু ও জাঁকজমকের সাথে যুক্ত করার একটি অপূর্ব পন্থা।



ইউটিউবে অনুবাদ পাওয়া যাবে।

আমাদের সকল ক্যাম্পাসে শিল্পকলার শক্তিকে অন্তর্ভুক্ত করতে প্রিন্সিপ্যালদের প্রণোদিত করার জন্য চলমান স্প্রিং-এ (বসন্তে) ব্রুকলিনের ওয়াটার্স এজ ক্যাম্পাসের [আরবান অ্যাসেসবলি স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট](#)-এ চালু করা এই হাব-এর (কেন্দ্রের) উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো বিশ্ব মানের উপস্থাপনা। এই হাব-এ অন্তর্ভুক্ত আছে একটি উদ্ভাবনামূলক পেশাদারিত্ব শিক্ষার সুযোগ যা প্রিন্সিপ্যালদের সহযোগিতামূলকভাবে কাজ করার, সৃষ্টি করার, এবং একযোগে শেখার সুযোগ দেয়—আমাদের প্রতিটি স্কুলে একটি অর্থবহ উপায়ে উচ্চমানের শিল্পকলা শিক্ষা-নির্দেশনা প্রসারের সুস্পষ্ট লক্ষ্য থাকবে।

আমি আপনাকে লাগোয়ার্ডিয়া হাই স্কুলের সিনিয়র এলিজাহ অ্যালেন (Elijah Allen) এবং আমাদের আর্ট অফিসের এক্সিকিউটিভ ডিরেক্টর পল টমসনের (Paul Thompson) ভাবগম্ভীর যুগলবন্দী ট্রাম্পেট বাদনের পাশাপাশি [আমাদের শিল্পকলা অনুষ্ঠানের ভিডিও](#) এবং গম্পেল কোয়ার্টার (ধর্মীয় সমবেত সঙ্গীত) দেখার আমন্ত্রণ জানাচ্ছি।

শিল্পকলা আমাদের মন-প্রাণকে উদ্বুদ্ধ ও পরিপূর্ণ করে—এগুলো একটি ভারসাম্যপূর্ণ শিক্ষার অপরিহার্য অংশ। আমাদের সিটি হলো বিশ্ব সংস্কৃতির কেন্দ্রবিন্দু, এবং ঠিক এই কারণটির জন্যই নিউ ইয়র্কের কোনো স্কুলে যেতে পারাটা বৈশিষ্ট্যপূর্ণ। আমাদের সকল শিক্ষার্থীর মাঝে শিল্পকলার উজ্জীবনীমূলক শক্তি সৃষ্টিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

কুইন্স মেট্রোপলিটান হাই স্কুলে অ্যালিসিয়া কীস-এর গান গাওয়া...



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে যেসব চমৎকার বিষয় হচ্ছে, সেগুলোর সাথে সংযুক্ত থাকতে [আমাদেরকে ইনস্টাগ্রাম-এ অনুসরণ করুন](#)।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।